

viii) ৬ ও ৯ এর ল.সা.গু কত?

ক) ৩

খ) ৬

গ) ৯

ঘ) ১২

ix) তিনটি সংখ্যার গড় ২৫। এদের মধ্যে দুইটি সংখ্যার গড় ২০ হলে, অপর সংখ্যাটি কত?


ক) ২৫

খ) ৩০

গ) ৩৫

ঘ) ৪০

x) নিচের চিত্রটিকে কী বলে?



ক) বর্গ

খ) আয়ত

গ) রম্বস

ঘ) সামান্তরিক

২। সংক্ষেপে উত্তর দাওঃ

$$১ \times ১০ = ১০$$

ক) কোন সংখ্যাকে শূন্য (০) দ্বারা গুণ করলে গুণফল কত হবে?

খ) সাধারণভাবে নিঃশেষে বিভাজ্য হলে ভাগফল নির্ণয়ের সূত্রটি লিখ।

গ) পাঁচ অংকের ক্ষুদ্রতম সংখ্যার আগের সংখ্যাডিকে কী বলে?

ঘ) গড় নির্ণয়ের সূত্রটি লিখ।

ঙ) ল.সা.গু এর পূর্ণরূপ লিখ।

চ) ১২ এর গুণনীয়ক গুলো লিখ।

ছ) এক ব্যক্তি যে মাসে ৯৩০০ টাকা আয় করেন। ঐ মাসে তিনি দৈনিক কত আয় করেন?

জ) ১২টি বইয়ের দাম ১৮০ টাকা হলে, ৫টি বইয়ের দাম কত?

ঝ) ১২, ১৮ ও ৩৬ এর ল.সা.গু কত?

ঞ) একটি আয়তের চারটি কোণের যোগফল কত ডিগ্রী?

- ৩। একটি পরিবারে ১০ জন সদস্যের সপ্তাহে ৩৫ কেজি চাল প্রয়োজন। ১ সপ্তাহের চালের খরচ ১৪০০ টাকা। নিচের ক থেকে ঙ পর্যন্ত গাণিতিক সমস্যার সামাধান কর।
- ক) কত দিনে ১ সপ্তাহ? ২
- খ) ঐ পরিবারে প্রতিদিন কত কেজি চাল লাগে? ২
- গ) প্রতি কেজি চালের মূল্য কত? ২
- ঘ) পরিবারের ২জন সদস্য বৃদ্ধি পেলে সপ্তাহে কত কেজি চাল লাগবে? ২
- ঙ) চালের মূল্য কেজি প্রতি ২ টাকা বৃদ্ধি পেলে ১০ জন সদস্যের সপ্তাহে চাল বাবদ কত খরচ বৃদ্ধি পাবে? ২
- ৪। গুণ্য ৬৩৮১ এবং গুণক ২১৫ হলে, গুণফল কত? ১০
- ৫। ৮, ৩, ৫, ০, ৭ অঙ্কগুলো একবার ব্যবহার করে গঠিত পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যাকে তিন অঙ্কের বৃহত্তম সংখ্যা দ্বারা ভাগ কর। ১০
- ৬। দুইটি সংখ্যার গুণফল ৮৯২৬২। একটি সংখ্যা ৩৪২ হলে, অপর সংখ্যাটি কত? ১০
- ৭। ৪৫ জন লোকের যে খাদ্যে ২০ দিন চলে, কতজন লোকের ঐ খাদ্যে ২৫ দিন চলবে? ১০
- ৮। একটি বিদ্যালয়ে ৭৮৫ জন শিক্ষার্থী ছিল। বছরের প্রথমে ১৪২ জন শিক্ষার্থী বিদ্যালয় থেকে চলে গেল এবং ২৫০ জন শিক্ষার্থী নতুন ভর্তি হলো। ঐ বিদ্যালয়ে শিক্ষার্থীর সংখ্যা কত হলো? ১০
- ৯। পিতা ও পুত্রের বয়সের সমষ্টি ৯৬ বছর। পিতার বয়স পুত্রের বয়সের ৩ গুণ হলে, কার বয়স কত? ১০
- ১০। অপু ও দীপুর গড় বয়স ২২ বছর। দীপু ও টিপুর গড় বয়স ২৪ বছর। অপুর বয়স ২১ বছর; দীপু ও টিপুর বয়স কত? ১০
- ১১। সাতটি সংখ্যার যোগফল ৪০১। প্রথম তিনটি সংখ্যার গড় ৫৬ এবং শেষের তিনটি সংখ্যার গড় ৫৮। চতুর্থ সংখ্যাটি কত? ১০

১২। ক) সংক্ষিপ্ত পদ্ধতিতে ল.সা.গু নির্ণয় কর। ৫

২৪, ৩৬, ৪০

খ) মৌলিক উৎপাদনের সাহায্যে গ.সা.গু নির্ণয় কর। ৫

৪০, ৬০, ৭৫

১৩। ক) একটি চতুর্ভূত আঁক। এর বাহু চারটি ও কর্ণ দুইটির দৈর্ঘ্য মেপে খাতায় লিখ। ৪

খ) চিত্রসহ সংজ্ঞা লিখ (যে কোন দুইটি) $৩ \times ২ = ৬$

i) চতুর্ভূজ

ii) সামান্তরিক

iii) বর্গ